

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
সাধারণ শাখা।

www.munshiganj.gov.bd

মুন্সীগঞ্জ জেলার জুন/২০১৬ মাসের বেসরকারী সংস্থার (এনজিও) জেলা সমন্বয় সভার কার্যবিবরণী।

তারিখ : ২৩ জুন, ২০১৬ খ্রিঃ
সময় : বেলা ১১.০০ ঘটিকা
স্থান : জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ এর সম্মেলন কক্ষ।
সভাপতি : মোঃ সাইফুল হাসান বাদল
জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট “ক”।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে জনাব আসিফ আনাম সিদ্দিকী, সহকারী কমিশনার জেলার বেসরকারী সংস্থাদের (এনজিও) কার্যক্রম নিয়ে তৈরী জেলা এনজিও পোর্টাল (www.ngomunshiganj.net) সম্পর্কে উপস্থিত সদস্য এবং অতিথিদেরকে পাওয়ার পয়েন্টের মাধ্যমে অবহিত করেন। এরপর জেলা প্রশাসক জনাব মোঃ সাইফুল হাসান বাদল এনজিও ওয়েব পোর্টালের প্রয়োজনীয়তা তুলে ধরেন ও জেলা এনজিও ওয়েব পোর্টালের উদ্বোধন ঘোষণা করেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত ও দৃঢ়করণ করা হয়। অতঃপর নিম্নবর্ণিত বেসরকারী সংস্থার মাসিক কার্যক্রমের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০১। **ব্র্যাক** : ব্র্যাক মুন্সীগঞ্জ জেলার ৬টি উপজেলাতে শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা, নিরাপদ অভিবাসন, আইন সহায়তা, সামাজিক ক্ষমতায়ন, জেডার জাস্টিস ও ডাইভারসিটি এবং মাইক্রো ফাইন্যান্স কর্মসূচির কার্যক্রম চালাচ্ছে। বর্তমানে শিক্ষা কর্মসূচির আওতায় ১৫টি ব্র্যাক প্রাইমারী স্কুলে ৪৭১ জন শিক্ষার্থী অধ্যয়ন করছে। ৪৫টি মাধ্যমিক স্কুলে ৪৭৪ জন শিক্ষক ও ২২০০ জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। স্বাস্থ্য কর্মসূচীর আওতায় ২২০ জন যক্ষ্মা রোগী সনাক্ত হয়েছে। গর্ভপূর্ব ৪৭২০ জন মায়ের পরিচর্যা করা হয়েছে এবং টিবি রোগীদের ২৩০ জনকে ২৩৫০৪০ টাকার সোস্যাল সাপোর্ট দেওয়া হয়। মাইক্রোফাইন্যান্স কর্মসূচীর আওতায় ৩,৯৫০ জনকে ৩০,৬৫,৩০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। মানবাধিকার ও আইন সহায়তা কার্যক্রম এবং বর্গাচারীদের মাঝে ঋণ বিতরণ কর্মসূচী যথা নিয়মে চলছে।

০২। **সূর্যের হাসি ক্লিনিক (BAMANEH)** : সূর্যের হাসি ক্লিনিক একটি সম্পূর্ণ স্বাস্থ্য বিষয়ক সংস্থা। এখানে কোন ঋণ কার্যক্রম নেই। পরিবার পরিকল্পনা পদ্ধতির বিভিন্ন সরঞ্জাম (পিল, কনডম, আইইউডি, পিএলটিএম) বিতরণ, শিশু স্বাস্থ্য সেবা (০-৫ বৎসর) ৬৪৮ জন ও হত দরিদ্রদের ফ্রি স্বাস্থ্য সেবা ৯৯৭ জনকে প্রদান করা হয়েছে। এছাড়া মায়ের স্বাস্থ্য সেবা গর্ভবতী ও গর্ভপরবর্তী সেবা ২৪০ জন, পরিবার পরিকল্পনা পদ্ধতি ৭৭৩ জন, প্রজনন স্বাস্থ্য সেবা ৪৫০ জন, সাধারণ সেবা ৬৩৮ জনকে প্রদান এবং ২৫ টি উঠান বৈঠক ও গ্রুপ মিটিং করা হয়েছে।

০৩। **আশা** : এ সংস্থাটি ওয়েস্টার্ন ইউনিয়নের মাধ্যমে ফরেন রেমিট্যান্স বাবদ ২০১৬ সনের মে মাসে ৫৩৪ টি লেনদেনের মাধ্যমে ১,৪২,৮০,৪৫৬/- টাকা প্রদান করেছে। ৭২৯ জন সদস্যদের মধ্যে স্বাস্থ্য সম্মত অপসেট ল্যাট্রিন তৈরীর জন্য ৬৯,৩১,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। এ সংস্থা উল্লিখিত প্রকল্প ছাড়াও আশা বিশ্ববিদ্যালয়ে ছেলে-মেয়েদেরকে কম খরচে ভর্তি সহ লেখা পড়ার সুযোগ দিয়ে থাকে। জেলায় আশার চিতলিয়াবাজার, ইদ্রাকপুর, রামপাল, গজারিয়া, হাসাড়া ও ইমামগঞ্জ ব্রাঞ্চে অধীনে প্রতিটি শিক্ষা কেন্দ্রে ৬ জন শিক্ষা সুপারভাইজার ও ৯০ জন শিক্ষা সেবিকার মাধ্যমে ১৯৬২ জন ছাত্র-ছাত্রীর মধ্যে শিক্ষা কার্যক্রম চলছে। এছাড়া মে/১৬ মাসে ৫৯১৩ জনকে ২১,৯৪,৮০,০০০/- টাকা ঋণ বিতরণ এবং ৫০০৮ জন হতে ২১,১৪,০১,০০০/- টাকা ঋণ আদায় করা হয়।

